

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩


বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যে সকল শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র নাই তাদের অতিসত্বর নিকটস্থ জেলা/উপজেলা নির্বাচন অফিসে জাতীয় পরিচয়পত্রের জন্য আবেদন করার পরামর্শ দেয়া যাচ্ছে। জাতীয় পরিচয়পত্র না থাকায় যে সকল শিক্ষার্থী অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফরমে ইতোমধ্যে জন্মনিবন্ধন নম্বর প্রদান করেছে তাদের একটি তালিকা <https://kuet.ac.bd/covidvacreginfo/> ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

উক্ত শিক্ষার্থীদের জন্মনিবন্ধন নম্বরের তালিকায় কোন সংশোধন থাকলে তা আগামী ২২/০৯/২০২১ইং তারিখের মধ্যে <https://covid.kuet.ac.bd/> ওয়েবসাইটে পুনরায় তথ্য প্রদানের জন্য বলা হলো। শিক্ষার্থীদের দ্রুততম সময়ের মধ্যে জাতীয় পরিচয়পত্র প্রদানের বিষয়ে অত্র বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রয়োজনীয় সুপারিশ করা হয়েছে।

উল্লেখ্য যে, উক্ত শিক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে জাতীয় পরিচয়পত্র পেয়েছে তাদের এ বিষয়ে কোন তথ্য প্রদানের প্রয়োজন নেই।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।


২০/০৯/২০২১

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)


খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ৫২২/২০

তারিখঃ ২০/০৯/২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৮। পিএস টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোঁচরে আনার অনুরোধসহ)
- ৯। সংরক্ষণ নথি।



(মোঃ মনিরুজ্জামান)

সহকারী রেজিস্ট্রার